গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

## ২০২০-২০২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব শেখ মুজিবর রহমান
মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
সভার স্থান : সভাকক্ষ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
সভার তারিখ : ০৪ মার্চ, ২০২১খ্রি.
সভার সময় : বেলা ৩.০০ ঘটিকা
সভায় উপস্থিতি: পরিশিষ্ট-'ক'

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১ বাস্তবায়নকল্পে খাদ্য অধিদপ্তরের অংশীজনের অংশগ্রহণের ৩য় সভায় অংশগ্রহণকারী সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য উপপরিচালক (সংস্থাপন) কে আহ্বান জানান। তদানুযায়ী উপপরিচালক (সংস্থাপন) আলোচ্যসূচিসমূহ পর্যায়ক্রমে তুলে ধরলে সভায় তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা মোতাবেক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্তসমূহ | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১। | পরিদর্শন বিষয়ক আলোচনা | পরিচালক (প্রশাসন) মহোদয় উপস্থিত সকলকে কার্যকরী পরিদর্শনের উপর জোর দিতে বলেন। খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গত মাসের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ/পরামর্শ সমূহের মধ্যে অন্তত একটির বাস্তবায়ন/ফলো-আপ চলতি পরিদর্শন প্রতিবেদনে উল্লেখ করতে নির্দেশ দেন। | গত মাসের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ/পরামর্শ সমূহের মধ্যে অন্তত একটির বাস্তবায়ন/ফলো-আপ চলতি পরিদর্শন প্রতিবেদনে থাকতে হবে। | পরিচালক, প্রশাসন বিভাগ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) |
| ২। | আমন সংগ্রহ, ২০২০-২১ | ক) আমন সংগ্রহ, ২০২০-২১ মৌসুমে চুক্তিবদ্ধ মিলারদের নিকট হতে চাল সংগ্রহের উপর গুরুত্বারোপ করা হয়।<br>খ) আমন সংগ্রহ, ২০২০-২১ মৌসুমে মাঠ পর্যায়ের চাহিদা মোতাবেক যথাসময়ে বিনির্দেশসম্মত বস্তা সরবরাহ নিশ্চিত করা এবং রাইস মিলার কর্তৃক খাদ্যশস্যের বস্তার গায়ে সুস্পষ্ট স্টেনসিল প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ক) আমন সংগ্রহ, ২০২০-২১ মৌসুমে চুক্তিবদ্ধ মিলারদের নিকট হতে চাল সংগ্রহ নিশ্চিত করতে হবে।<br>খ) আমন সংগ্রহ, ২০২০-২১ মৌসুমে মাঠ পর্যায়ের চাহিদা মোতাবেক যথাসময়ে বস্তা সরবরাহ নিশ্চিত করতে হবে। রাইস মিলার কর্তৃক সংগৃহীত চালের ১০০% বস্তার গায়ে সুস্পষ্ট স্টেনসিল প্রদান নিশ্চিত করা হচ্ছে কিনা তা জানাতে হবে। | পরিচালক, সংগ্রহ/ সরবরাহ, বন্টন ও বিপণন/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) |
| ৩। | প্রতিষ্ঠানিক গণশুনানী আয়োজন বিষয়ক আলোচনা | সভায় প্রতিষ্ঠানিক গণশুনানী আয়োজন বিষয়ক আলোচনা করা হয় | কর্ম পরিকল্পনা অনুযায়ী ৪র্থ কোয়ার্টারের নির্ধারিত প্রতিষ্ঠানিক গণশুনানী আয়োজন করতে হবে | খাদ্য অধিদপ্তরের সকল বিভাগ |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্তসমূহ | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ৪। | ধান-চাল সংগ্রহ বিষয়ক পাইলটিং সফটওয়্যারের কার্যক্রম | সভায় সংগ্রহ কার্যক্রম ডিজিটাইজ করার লক্ষ্যে কৃষকের এ্যাপ, সংগ্রহ এ্যাপ, চাল সংগ্রহ ব্যবস্থাপনা সফটওয়্যার, চালকলের মিলিং ক্ষমতা নির্ণয় সফটওয়্যার, মুভমেন্ট সফটওয়্যার ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়। | কৃষকের এ্যাপ, সংগ্রহ এ্যাপ, চাল সংগ্রহ ব্যবস্থাপনা সফটওয়্যার, চালকলের মিলিং ক্ষমতা নির্ণয় সফটওয়্যার, মুভমেন্ট সফটওয়্যার ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সংগ্রহ বিভাগ হতে মনিটরিং করতে হবে | পরিচালক, প্রশাসন/সংগ্রহ/ প্রশিক্ষণ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)/ সিস্টেম এনালিস্ট |
| ৫। | ১.০৫ লক্ষ মে.টন গুদাম নির্মাণ প্রকল্প বিষয়ক আলোচনা | সভায় ১.০৫ লক্ষ মে.টন খাদ্য গুদাম নির্মাণ প্রকল্পের আওতায় নির্মিতব্য গুদামগুলোর নির্মাণ কাজ সমাপ্ত করে দ্রুত গ্রহণ/হস্তান্তর এবং যে সমস্ত গুদামের নির্মাণ কাজ সন্তোষজনক নয়, সেগুলো চিহ্নিত করে দ্রুত প্রয়োজনীয় সংস্কার/নির্মাণের বিষয়ে আলোচনা হয়। | ক) ১.০৫ লক্ষ মে.টন ধারণ ক্ষমতার নতুন খাদ্য গুদাম নির্মাণ প্রকল্পের আওতায় নির্মিতব্য গুদামগুলোর নির্মাণ কাজ ৩০ জুন, ২০২১ তারিখের মধ্যে সমাপ্ত করে দ্রুত গ্রহণ/হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) যে সমস্ত গুদামের নির্মাণ কাজ সন্তোষজনক নয়, সেগুলো সম্পর্কে গৃহীত ব্যবস্থা এবং তালিকা আগামী সভায় পেশ করতে হবে। | প্রকল্প পরিচালক, ১.০৫ লক্ষ মে.টন ধারণ ক্ষমতার নতুন খাদ্য গুদাম নির্মাণ প্রকল্প/ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) |
| ৬। | অধিদপ্তর সহ মাঠ পর্যায়ের সকল স্থাপনা সিসি ক্যামেরা আওতাভুক্তকরণ | সভায় খাদ্য অধিদপ্তরাধীন স্থাপনায় সিসিটিভি (নাইটভিশন আইপি) ক্যামেরা স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | খাদ্য অধিদপ্তরাধীন কতগুলো স্থাপনায় সিসিটিভি নাইট ভিশন আইপি ক্যামেরা স্থাপনের পরিকল্পনা রয়েছে এবং অদ্যাবধি কতগুলো ক্যামরা স্থাপনা করা হয়েছে; অবশিষ্ট স্থাপনায় কত সময়নাগাদ ক্যামেরা স্থাপনের কাজ সমাপ্ত হবে তার অগ্রগতি জানাতে হবে। | প্রকল্প পরিচালক, সারাদেশে পুরাতন খাদ্য গুদাম ও আনুষাঙ্গিক সুবিধাদির মেরামত এবং নতুন অবকাঠামো নির্মাণ প্রকল্প/ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) |
| ৭। | PIMS Software বিষয়ক আলোচনা | খাদ্য অধিদপ্তরসহ মাঠ পর্যায়ের সকল স্থাপনায় শতভাগ PIMS Software হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়। | খাদ্য অধিদপ্তরসহ মাঠ পর্যায়ের সকল স্থাপনায় শতভাগ PIMS Software হালনাগাদ করা হয়েছে কিনা তা অধিদপ্তরের সকল বিভাগ/সকল সাইলো অধীক্ষকগণ/সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ এবং সিস্টেম এনালিস্ট প্রতিমাসে অগ্রগতি দিবেন। | সকল পরিচালক/ অতিরিক্ত পরিচালক/ সিস্টেম এনালিস্ট/ সাইলো অধীক্ষক/ আঞ্চলিক/জেলা খাদ্য নিয়ন্ত্রক |

৩। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

(শেখ মুজিবর রহমান) 22/12/22

মহাপরিচালক

ফোন: ৯৫৮৪৮৩৪

dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৬.০০১.১৮(অংশ-৪). ৯০২৭ (২৫) তারিখ: ২৬/০৩/২০২১ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪। প্রকল্প পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৫। পরিচালক, প্রশাসন/সরবি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৬। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৭। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।

৮। অতিঃ পরিচালক, প্রশাসন, অভ্যন্তরীণ নিরীক্ষা/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।

১০। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।

১১। সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১২। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২৫/০৩/২১

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপপরিচালক (সংস্থাপন)
ফোন- ৯৫৬১২০৯
dd.est@dgfood.gov.bd